গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

## প্রজ্ঞাপন

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট তহবিল গঠন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (বিদ্যালয়, মহাবিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) যুব রেড ক্রিসেন্ট দল গঠন বাধ্যতামূলক করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৩ জুলাই ২০১৪ তারিখের নং ৩৭.০০.০০০০.০৭১.০৭.০০২.০৮-৬৬৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন সংশোধনক্রমে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমুহ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর নির্দেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ রেজিষ্ট্রেশনের সময় ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণিতে (২০+২০+২০) = ৬০/- টাকা, ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০) = ৪০/- টাকা এবং একাদশ ও দ্বাদশ শ্রেণিতে (২০+২০) = ৪০/- টাকা হারে এককালীন রেড ক্রিসেন্ট ফি আদায় করবে। উল্লেখ্য, প্রতি বছর ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির যুব রেড ক্রিসেন্ট ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান আদায় ও সংরক্ষণ করবে যা ৮ম শ্রেণিতে বোর্ডের রেজিষ্ট্রেশনের সময় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমুহ জমা প্রদান করবে। নবম এবং দশম শ্রেণির ফি মাধ্যমিকে রেজিষ্ট্রেশনের সময় এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির ফি উচ্চ মাধ্যমিকে রেজিষ্ট্রেশনের সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডসমূহ আদায় করবে;

২. আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবে। শিক্ষা বোর্ডসমূহ প্রাপ্ত অর্থের ১৫ শতাংশ সার্ভিস চার্জ রেখে বাকী অর্থ ০২ (দুই) মাসের মধ্যে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির জাতীয় সদর দপ্তরে প্রেরণ করবে;

৩. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এতদসংক্রান্ত অগ্রগতি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে প্রতিবছর অবহিত করবে এবং তাঁদের পরামর্শ গ্রহণ করবে;

৪. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ যুব রেড ক্রিসেন্ট তহবিল নামক একটি আলাদা ব্যাংক হিসাব নিশ্চিত করবেন ও উক্ত হিসাব থেকে রেড ক্রিসেন্ট এর দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মাসিক সম্মানী ৫০০/ (পাঁচশত) টাকা প্রদান নিশ্চিত করবেন এবং অবশিষ্ট অংশ দিয়ে যুব রেড ক্রিসেন্ট প্রশিক্ষণ বাস্তবায়নের মাধ্যমে দক্ষ, মানবিক গুণাবলী সমৃদ্ধ স্বেচ্ছাসেবক ও যুব সমাজ তৈরি করবেন। এ তহবিল যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম ব্যতীত অন্য কোনো খাতে ব্যয় করা যাবে না;

৫. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আদায়কৃত অর্থের আয়-ব্যয়ের হিসাব এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, জেলা রেড ক্রিসেন্ট ইউনিট এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে অবহিত করবে;

৬. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম ও প্রশিক্ষণসমুহ নিশ্চিতকল্পে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি তদারকি করবে এবং শিক্ষা বোর্ডসমূহকে রিপোর্ট প্রদান করবে; ও

৭. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি তার সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রম সম্পর্কে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে বাৎসরিক প্রতিবেদন আকারে প্রদান করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আনোয়ারুল হক
উপসচিব
ফোন: ৯৫৪৫৭২০
ইমেইল: ds_sec2@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬/১(১৩)

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/দিনাজপুর/ময়মনসিংহ/কুমিল্লা/যশোর/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) জেলা প্রশাসক (সকল) ........................................
৫) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
৬) উপ পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১০) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১১) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল/ময়মনসিংহ অঞ্চল/রাজশাহী অঞ্চল/রংপুর অঞ্চল/কুমিল্লা অঞ্চল/যশোর অঞ্চল/বরিশাল অঞ্চল/সিলেট অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল
১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস (সকল) ........................................

স্মারকনং-জেশিঅ/পাব/২০২৩/ ৭৫(৭)

তারিখ : ১০ মাঘ ১৪২৯বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০২৩খ্রিঃ

অনুলিপিঅবগতি ও কার্যার্থেঃ

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল) পাবনা শিক্ষা প্রতিষ্ঠানে (বিদ্যালয়, মহাবিদ্যালয়, মাদ্রাসা, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান) সংযুক্ত ছক মোতাবেক যুব রেড ক্রিসেন্ট দল গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০২। অফিস নথি।

সংযুক্তঃ
০১. প্রজ্ঞাপন ০১ পাতা।
০২. দল গঠনের ছক ০১ পাতা।

২৪.০১.২০২৩
(মোঃ রোস্তম আলী হেলালী)
জেলা শিক্ষা অফিসার
পাবনা।
০২৫৮৮৮০৫০৮৩

# School/College 53 members Team Formation

